

জনতা ব্যাংক লিমিটেড

ট্রান্সপোর্ট ডিপার্টমেন্ট

প্রধান কার্যালয়

১১০ মতিঝিল বানিজ্যিক এলাকা

ঢাকা-১০০০

Web site. www.jb.com.bd


“যানবাহন পুনঃনিলাম দরপত্র বিজ্ঞপ্তি”

জনতা ব্যাংক লিমিটেড এর নিম্নবর্ণিত পুরাতন ৬(ছয়)টি জিপ “যেখানে যে অবস্থায় আছে ভিত্তিতে” নিলামে বিক্রির নিমিত্তে আগ্রহী ক্রেতাদের নিকট হতে মুখ বন্ধ/সীলকৃত খামে পুনরায় নিলাম দরপত্র আহ্বান করা যাচ্ছে :

ক্র/নং	যানবাহনের রেজিস্ট্রেশন নাম্বার	যানবাহনের ব্রান্ড	সিসি	ক্রয়ের সন	যানবাহনের অবস্থান/ পরিদর্শনের স্থান
১	ঢাকা মেট্রো-ঘ-১৪-০১১৮	প্রগতি পাজেরো	২৩৫০	১৯৯৯	প্রধান কার্যালয়, ঢাকা।
২	ঢাকা মেট্রো-ঘ-১৪-০২৬১	প্রগতি পাজেরো	২৩৫০	২০০১	প্রধান কার্যালয়, ঢাকা।
৩	ঢাকা মেট্রো-ঘ-১৪-০২৬২	প্রগতি পাজেরো	২৩৫০	২০০১	প্রধান কার্যালয়, ঢাকা।
৪	ঢাকা মেট্রো-ঘ-১৪-০৩৪৮	প্রগতি পাজেরো	২৩৫০	২০০১	প্রধান কার্যালয়, ঢাকা।
৫	ঢাকা মেট্রো-ঘ-১৪-০৩৫১	প্রগতি পাজেরো	২৩৫০	২০০১	এরিয়া অফিস, কুষ্টিয়া।
৬	ঢাকা মেট্রো-ঘ-১৪-০৩৬১	প্রগতি পাজেরো	২৩৫০	২০০১	প্রধান কার্যালয়, ঢাকা।

দরপত্রের শর্তাবলী :-

- আগ্রহী দরদাতাগনকে সাদা কাগজে/প্রতিষ্ঠানের প্যাডে যানবাহনের রেজিস্ট্রেশন নম্বর উল্লেখপূর্বক তার/তাদের সর্বোচ্চ দর অংকে ও কথায় উদ্ধৃত করে উহা মুখবন্ধ/সীলকৃত খামে আগামী ২২/০৫/২০১৯ তারিখ বেলা ০২-০০ ঘটিকার মধ্যে অনুচ্ছেদ-২ এ বর্ণিত কার্যালয়ে রক্ষিত টেন্ডার বাক্সে ফেলতে হবে। টেন্ডার বাক্সে প্রাপ্ত দরপত্রসমূহ ঐদিনই অর্থাৎ ২২/০৫/২০১৯ তারিখ দুপুর ০২-৩০ ঘটিকায় (দরপত্র খোলার সময় সংশ্লিষ্ট দরদাতা বা তার প্রতিনিধি উপস্থিত থাকতে পারবেন) খোলা হবে। প্রধান কার্যালয়ের বাইরের কার্যালয়ের টেন্ডার খোলার পর প্রধান কার্যালয়ের টেন্ডার খোলা হবে।
- দরপত্র জনতা ব্যাংকের (ক) প্রধান কার্যালয়ের ট্রান্সপোর্ট ডিপার্টমেন্ট, (খ) এরিয়া অফিস-কুষ্টিয়ায় রক্ষিত টেন্ডার বাক্সে দাখিল করা যাবে।
- দরপত্রের সাথে দরপত্রে উদ্ধৃত মূল্যের ১০% আর্নেস্টম্যানি “ জনতা ব্যাংক লিমিটেড” এর অনুকূলে যে কোন তফসিলী ব্যাংক হতে ইস্যুকৃত পে-অর্ডার এর মাধ্যমে জমা দিতে হবে।
- যানবাহনসমূহ অফিস চলাকালীন সময়ে ব্যাংকের সংশ্লিষ্ট কার্যালয়ে পরিদর্শন করা যাবে। একই দরপত্রে এক বা একাধিক বা সকল যানবাহন ক্রয়ের জন্য দরপত্র দাখিল করা যাবে। তবে প্রতিটি যানবাহনের রেজিস্ট্রেশন নাম্বার ও মূল্য পৃথক পৃথক ভাবে উল্লেখ করতে হবে।
- কর্তৃপক্ষের অনুমোদিত দরদাতা/দরদাতাদের ব্যাংকের ডেলিভারী অর্ডার ইস্যুর ১৫(পনের) দিনের মধ্যে ভ্যাট ও আয়করসহ (উদ্ধৃত মূল্যের উপর সরকারি বিধি মোতাবেক পরিবর্তন যোগ্য ৫% ভ্যাট ও ৫% আয়কর ক্রেতাকে বহন করতে হবে) উদ্ধৃত মূল্যের সমুদয় অর্থ পরিশোধ পূর্বক সংশ্লিষ্ট কার্যালয় হতে নির্ধারিত যানবাহন সরবরাহ নিতে হবে। নির্দিষ্ট সময়ের মধ্যে দরপত্রে উল্লেখিত উদ্ধৃত মূল্য ভ্যাট ও আয়করসহ জমা না দিলে তার/তাদের আর্নেস্টম্যানি বাজেয়াপ্ত হবে।
- গাড়ী গ্রহণের পর উহার ট্যাক্স টোকেন, ফিটনেস, বীমা ইত্যাদি (যদি বকেয়া থাকে) ক্রেতার নিজ খরচে নবায়ন করতে হবে। তাছাড়া গাড়ী গ্রহণের ৬(ছয়) মাসের মধ্যে ক্রেতার নিজ খরচে মালিকানা পরিবর্তন করতে হবে।
- অকৃতকার্য দরদাতাদের আর্নেস্টম্যানি যথাসময়ে ফেরত দেয়া হবে। ব্যাংকের কোন নির্বাহী, কর্মকর্তা বা কর্মচারী কোন ভাবেই সংশ্লিষ্ট নিলাম দরপত্রে অংশ গ্রহন করতে পারবেন না।
- দরপত্রে কোন শর্ত আরোপ করা যাবে না। শর্তযুক্ত এবং আর্নেস্ট মানি বিহীন দরপত্র সরাসরি বাতিল বলে গন্য হবে।
- কর্তৃপক্ষ কোন কারণ দর্শানো ব্যতিরেকে যে কোন দরপত্র গ্রহন বা আংশিক গ্রহন বা সকল দরপত্র বাতিল করার ক্ষমতা সংরক্ষণ করেন।


মোঃ সহিদ উল্লাহ
উপ-মহাব্যবস্থাপক
২৫/০৪/১৯